

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

শাখা-১৭

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ পৌষ ১৪০৯/১২ জানুয়ারি ২০০৩

এস, আর, ও নং ১০ আইন/২০০৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৬৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, মুত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৮-এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি ৬ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৬ক। বিশেষ বিধান।—কৃষি মন্ত্রণালয়ের ৬-২-১৪০০বাং মোতাবেক ২০-৫-১৯৯৩ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং- কৃষি-৩/বিবিধ-২/৯৩/২৮৫ দ্বারা Bangladesh Agricultural Research Institute Ordinance, 1976 (LXII of 1976) এর অধীন স্থাপিত Bangladesh Agricultural Research Institute, অতঃপর উক্ত ইনস্টিটিউট বলিয়া উল্লিখিত, এর নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীগণকে মুত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে হস্তান্তরের কারণে তাহাদের চাকুরী মুত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে হস্তান্তরিত বা ন্যস্ত হইয়াছে বলিয়া গণ্য করা হইবে, এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরী পৃথক পৃথকভাবে তাহাদের চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হইতে সরকারী চাকুরী হিসাবে গণ্য

(১৬১)

মূল্য ঃ টাকা ১.০০

করতঃ অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদিসহ জ্যেষ্ঠত্ব নির্ধারণের জন্য এই বিধিমালার আওতাধীন কর্মকর্তা ও কর্মচারী হিসাবে গণ্য করা হইবে, যথা ঃ—

- (ক) Directorate of Agriculture (Research and Education) এর কর্মকর্তা কর্মচারীগণ যাহারা Ordinance LXII of 1976 এর section 16 (c) এর অধীন উক্ত ইনস্টিটিউটে হস্তান্তরিত বা ন্যস্ত (stand transferred) হইয়া উহার অধীনস্থ এনালাইটিক্যাল সার্ভিসেস ডিভিশনে কর্মরত ছিলেন ; এবং
- (খ) উক্ত ইনস্টিটিউটের এনালাইটিক্যাল সার্ভিসেস ডিভিশনের কুমিল্লা, রাজশাহী, খুলনা ও জয়দেবপুর আঞ্চলিক গবেষণাগারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আইয়ুব কাদরী

সচিব।